



স্মারক নং-৪৬.০২.০০০০.৬১১.১৮.০০৩.১৪. ৭৯৪

তারিখ- ২৮ /১২/২০২০ খ্রিঃ।

সূত্র-এলজিইডি/আইসিটি/ইন্টারনেট/সাধারণ/২০১৪/১৬৮, তারিখ- ১৪/১১/২০১৬ খ্রিঃ।

অফিস আদেশ

এলজিইডি ওয়েবমেইল সুষ্ঠুভাবে ব্যবহারের নির্দেশনা দিয়ে ইতিপূর্বে সূত্রস্থ অফিস আদেশ জারি করা হয়। কিন্তু লক্ষ্য করা যাচ্ছে যে, কিছু কিছু ব্যবহারকারী উক্ত নির্দেশনা না মেনেই ওয়েবমেইল ব্যবহার করছেন, ফলে এলজিইডি'র ওয়েবমেইল ডোমেইন পরিচালনায় জটিলতা সৃষ্টি হচ্ছে। এ প্রেক্ষাপটে এলজিইডি ওয়েবমেইল ব্যবহারের ক্ষেত্রে নিম্নবর্ণিত নির্দেশনাসমূহ যথাযথভাবে অনুসরণের জন্য অনুরোধ করা হলো:

(১) অপ্রয়োজনীয়ভাবে All group (all@lged.gov.bd)- ঠিকানা ব্যবহার করা যাবে না। শুধুমাত্র যিনি/ যারা সংশ্লিষ্ট তাঁকে/ তাঁদের কাছে মেইল প্রেরণ করতে হবে। যেমন- টেন্ডার নোটিশ ওয়েবসাইটে পাবলিশ করতে মেইলটি All Group-এ প্রেরণ না করে tender@lged.gov.bd ঠিকানায় প্রেরণ করা। যাদের কপি দেয়া প্রয়োজন শুধু তাদের ঠিকানায় কপি দেওয়া। উল্লেখ্য যে, All group (all@lged.gov.bd)- ঠিকানায় একটিমাত্র মেইল প্রেরণ করলেই তা ওয়েবমেইলের ধারণক্ষমতার বেশ বড় একটি অংশ দখল করে। এরূপ অপরিমিত ব্যবহারের ফলে Storage খুব দ্রুত পূর্ণ হয়ে যাচ্ছে। এছাড়া, একই সময়ে একটি অ্যাকাউন্ট থেকে অধিক সংখ্যক মেইল করার কারণে বেশকিছু ওয়েবমেইল কর্তৃপক্ষ একে Spamming হিসেবে সন্দেহ করে পুরো এলজিইডি ডোমেইনকে Blacklisted করে রাখে। ফলশ্রুতিতে অনেক সময় এলজিইডি ডোমেইন থেকে অন্যান্য ডোমেইনে (ইয়াহু, জিমেইল ইত্যাদি) মেইল পাঠাতে অসুবিধায় পড়তে হয়।


(২) ইনবক্স এবং Trash/Junk ফোল্ডার থেকে নিয়মিতভাবে অপ্রয়োজনীয় মেইল ডিলিট করতে হবে।

(৩) ওয়েবমেইলের পাসওয়ার্ড গোপনীয় রাখতে হবে এবং পাসওয়ার্ড নিয়মিতভাবে (অন্তত ২/৩ মাস পরপর) পরিবর্তন করতে হবে।

(৪) সন্দেহজনক (যেমনঃ একাউন্ট আপডেট/ স্টোরেজ আপডেট/পেভিং মেইল রিলিজ) মেইলের লিঙ্কে ক্লিক করা যাবে না।

(৫) পাসওয়ার্ড ভুলে গেলে নিজের অফিসিয়াল নাম্বার থেকে এমআইএস সেকশনে যোগাযোগ করতে হবে অথবা অন্য যেকোন দাপ্তরিক মেইল থেকে webmail.support@lged.gov.bd ঠিকানায় মেইল করতে হবে।

এ বিষয়ে সহায়তার জন্য জনাব তারিকুল ইসলাম চৌধুরী (নেটওয়ার্ক ইঞ্জিনিয়ার, এমআইএস সেকশন, মোবাইলঃ ০১৭১২৫১৮৬০৫)- এর সাথে যোগাযোগ করা যাবে। এখন হতে এলজিইডি ওয়েবমেইল ব্যবহারের বিষয়টি আরো নিবিড়ভাবে মনিটরিং করা হবে এবং উল্লিখিত নির্দেশনা অমান্য করা হলে সংশ্লিষ্ট ব্যবহারকারীর বিরুদ্ধে প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করা হবে।

 ২৩/১২/২০২০

(মোঃ আব্দুর রশীদ খান)

প্রধান প্রকৌশলী

ফোনঃ ০২-৫৮১৫২৮০২

ই-মেইলঃ ce@lged.gov.bd

কার্যার্থে:

- ১। অতিরিক্ত প্রধান প্রকৌশলী, (সকল), এলজিইডি।
- ২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, (সকল), এলজিইডি।
- ৩। প্রকল্প পরিচালক, (সকল), এলজিইডি।
- ৪। নির্বাহী প্রকৌশলী, জেলা..... (সকল), এলজিইডি।
- ৫। উপজেলা প্রকৌশলী..... (সকল), এলজিইডি।

তাঁর আওতাধীন সকল ব্যবহারকারীকে
অবহিত করার জন্য অনুরোধ করা হলো।